

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১২ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/২৭ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.২৬৭—খ্যাতিমান ও দেশবরেণ্য সাংবাদিক এবং বীর মুক্তিযোদ্ধা জনাব গোলাম সারোয়ার গত ১৩ আগস্ট ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্সাল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর।

২। জনাব গোলাম সারওয়ার-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৫ ভাদ্র ১৪২৫/২০ আগস্ট ২০১৮ তারিখের বৈঠকে একটি শোকপত্রাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপত্রাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১০৭৩৭ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

০৫ ভাদ্র ১৪২৫  
ঢাকা: ২০ আগস্ট ২০১৮

খ্যাতিমান ও দেশবরেণ্য সাংবাদিক এবং বীর মুক্তিযোদ্ধা জনাব গোলাম সারোয়ার গত ১৩ আগস্ট ২০১৮ তারিখে মৃত্যুবরণ করেন (ইনালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৫ বছর।

জনাব গোলাম সারোয়ার ১৯৪৩ সালে বরিশাল জেলার বানারীপাড়ায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে বাংলায় স্নাতক সম্মানসহ এমএ ডিগ্রি অর্জন করেন। জনাব গোলাম সারোয়ার একান্তরের মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।

বিশিষ্ট সাংবাদিক গোলাম সারওয়ার বাংলাদেশের সংবাদপত্রের ইতিহাসে এক উজ্জ্বল নক্ষত্র। ষাটের দশকে সাংবাদিকতা শুরু করে সুদীর্ঘ পঁচ দশকের বেশি সময় ধরে তিনি মেধা, যুক্তিবোধ, পেশাদারিত্ব, দায়িত্বশীলতা ও অসাম্প্রদায়িক চিন্তা-চেতনার নিরবচ্ছিন্ন চর্চায় নিজেকে এবং বাংলাদেশের সংবাদপত্রকে এক অনন্য উচ্চতায় প্রতিষ্ঠিত করেছেন। জনাব গোলাম সারোয়ার বর্তমান বাংলাদেশের বৃহৎ কলেবরের পেশাদারি সংবাদপত্রের অভিযাত্রার অন্যতম পথিকৃৎ সম্পাদক। মুক্তচিন্তা, প্রগতিশীল মূল্যবোধ, মুক্তিযুদ্ধের সপক্ষে সোচ্চার জনাব সারওয়ার সাংবাদিকতা জগতের প্রতিষ্ঠানতুল্য ব্যক্তিত্ব ছিলেন।

বর্গাঢ্য কর্মজীবনে জনাব গোলাম সারোয়ার দৈনিক ইত্তেফাক-এ দীর্ঘ ২৭ বছর বার্তা সম্পাদকের দায়িত্ব পালনকালে সৃজনশীল ও পেশাদার সাংবাদিকতায় দক্ষতার স্বাক্ষর রাখেন। তিনি দেশের স্বনামধন্য দুটি পত্রিকা ‘দৈনিক যুগান্তর’ এবং ‘দৈনিক সমকাল’-এর প্রতিষ্ঠাতা সম্পাদক হিসাবে অত্যন্ত দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করেন। এছাড়া তিনি বাংলাদেশ সম্পাদক পরিষদ-এর সভাপতি হিসাবেও দায়িত্ব পালন করেন।

জনাব গোলাম সারোয়ার সাংবাদিকতার পাশাপাশি সাহিত্যক্ষেত্রেও সৃজনশীলতার পরিচয় দিয়েছেন। তাঁর রচিত গ্রন্থের মধ্যে ‘সম্পাদকের জবানবন্দি’, ‘অমিয় গরল’, ‘আমার যত কথা’, ‘স্বপ্ন বেঁচে থাক’ ইত্যাদি উল্লেখযোগ্য। শিশু একাডেমি কর্তৃক প্রকাশিত তাঁর ছড়ার বই ‘রঙিন বেলুন’ সর্বমহলে সমাদৃত হয়। এছাড়া তাঁর রচিত বেশ কিছু গান জনপ্রিয়তা অর্জন করে।

সাংবাদিকতায় গৌরবজনক অবদানের স্বীকৃতিস্বরূপ জনাব গোলাম সারোয়ারকে ২০১৪ সালে একুশে পদকে ভূষিত করা হয়।

জনাব গোলাম সারওয়ার-এর মৃত্যুতে দেশ একজন পথিকৃৎ সাংবাদিককে হারাল। তাঁর মৃত্যুতে বাংলাদেশের সংবাদমাধ্যমে এক গভীর শূন্যতার সৃষ্টি হল।

মন্ত্রিসভা জনাব গোলাম সারওয়ার-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd